

ফাতওয়া নাম্বার: ৩৬৭

প্রকাশকাল: ০৩-০৪-২০২৩ ইং

## সফরে কখন কসর করতে হবে?

### প্রশ্ন:

আমি একজন গাড়ি চালক। গাড়ি নিয়ে অনেক সময় সফর পরিমাণ দূরত্বে যেতে হয়। তখন আমি কি কসর করতে পারবো? হাদীস থেকে তো সফরের বিভিন্ন দূরত্বের কথা জানা যায়। আমাদের জন্য কোনটা বেশি নিরাপদ, জানালে উপকৃত হতাম।

—ছমাযুন কবীর

### উত্তর:

আপনি সফর পরিমাণ দূরত্বের উদ্দেশ্যে বের হলে, বাড়ি থেকে আপনার গ্রাম বা শহর অতিক্রম করার পর থেকে পুনরায় তাতে প্রবেশ করার আগ পর্যন্ত নামাযে কসর করবেন। হানাফী মাযহাবে মুসাফিরের জন্য কসর করা ওয়াজিব। সফরের দূরত্ব হল, ৪৮ মাইল বা ৭৮ কিলোমিটার। —সহীহ বুখারী: ১/৭৯ হাদীস নং: ৩৫০ (দারু তাওকিন নাজাহ); সহীহ মুসলিম: ১/৪৭৯ হাদীস নং: ৬৮৭ (দারু ইহইয়্যাত তুরাস); সুনানুন নাসায়ী: ৩/১১১ হাদীস নং: ১৪২০ (মাকতাবুল মাতবুআতিল ইসলামিয়াহ, হালাব); রদ্দুল মুহতার: ২/১২১ (দারুল ফিকর, বৈরুত)

আরও জানতে দেখুন;

ফাতওয়া: ৩০১- [শরয়ী সফরের দূরত্ব ৭৮ কিলোমিটার? না, ৮৭ কিলোমিটার?](#)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৫-০৭-১৪৪৪ হি.

২৮-০১-২০২৩ ঈ.

